

এবার সাউথ-ইস্ট ব্যাংকের সম্মাননা পেলেন সাবিনারা

স্পোর্টস রিপোর্টার

নেপালের কাঠমান্ডুতে গত মাসে শেষ হওয়া সাফ নারী চ্যাম্পিয়নশিপের টানা দ্বিতীয় শিরোপা জিতে ইতিহাস গড়েছে বাংলাদেশের মেয়েরা। সাবিনা খাতুনদের এই সাফল্যে গর্বিত পুরো জাতি। তাই তো ব্যাক টু ব্যাক সাফ শিরোপা জয় করে দেশে ফেরার দিনই যুব ও ক্রীড়া মন্ত্রণালয় বাংলাদেশ জাতীয় নারী দলের জন্য ১ কোটি টাকা পুরস্কার ঘোষণা করে। ইতোমধ্যে এই পুরস্কারে অর্থ হাতে পেয়েছেন সাবিনা খাতুন-ঋতুপর্ণা চাকমারা। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের পরপরই সাফজয়ী মেয়েদের জন্য ২০ লাখ টাকা পুরস্কার ঘোষণা করে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। এছাড়া বাংলাদেশ ফুটবল ফেডারেশনের (বাবুফে) নব-নির্বাচিত কমিটি গত শনিবার তাদের প্রথম সভায় চ্যাম্পিয়ন মেয়েদের দেড় কোটি টাকা পুরস্কার দেয়ার সিদ্ধান্ত নেয়। মন্ত্রণালয়ের পুরস্কারের টাকা হাতে পেলেও বিসিবি ও বাবুফের ঘোষিত পুরস্কারের অর্থ এখনও হাতে পায়নি জাতীয় দলের মেয়েরা। জানা গেছে দেশের শীর্ষ দুই ক্রীড়া সংস্থা চলতি মাসেই এই পুরস্কার প্রদানের প্রস্তুতি নিয়েছে। তবে কোনো পূর্ব ঘোষণা ছাড়াই এবার সাউথ-ইস্ট ব্যাংক পিএলসির সম্মাননা ও অর্থ পুরস্কার পেলেন সাবিনারা। গতকাল দিলকুশাস্থ ব্যাংকের প্রধান কার্যালয়ে জাতীয় নারী দলের ফুটবলার, কোচ ও কর্মকর্তাদের সংবর্ধনা দেয়ার পাশাপাশি তাদের হাতে ৭৮ লাখ টাকার অর্থ পুরস্কার তুলে দেয়া হয়। এ

সময় সাউথ-ইস্ট ব্যাংকের চেয়ারম্যান এম. এ. কাশেম সহ উর্ধ্বতন কর্মকর্তারা ছাড়াও বাবুফের সভাপতি তাবিথ আউয়াল, সহ-সভাপতি ফাহাদ করিম, নারী উইংয়ের চেয়ারম্যান মাহফুজা আক্তার কিরণ ও নির্বাহী কমিটির সদস্য ছাইদ হাছান কানন উপস্থিত ছিলেন। সদ্য সমাপ্ত সাফ নারী চ্যাম্পিয়নশিপে বাংলাদেশ দলের স্কোয়াডে ছিলেন ২৩ জন খেলোয়াড়। যাদের প্রত্যেককে ৩ লাখ টাকা করে পুরস্কার দিয়েছে সাউথ-ইস্ট ব্যাংক। এছাড়া সাফজয়ী দলের কোচিং স্টাফ ও কর্মকর্তারা প্রত্যেকে পেয়েছেন ১ লাখ টাকা করে। ফুটবলারদের তিন লাখের মধ্যে ১ লাখ টাকা নগদ চেক ও বাকি ২ লাখ টাকা উচ্চ সুদে স্থায়ী আমানত করা হয়েছে। আর্থিক পুরস্কার ছাড়াও নারী ফুটবলারদের আন্তর্জাতিক ডেবিট কার্ডও প্রদান করেছে সাউথ-ইস্ট ব্যাংক। জানা গেছে, জাতীয় দলের সাবেক তারকা ফুটবলার ও বাবুফের নব-নির্বাচিত নির্বাহী সদস্য ছাইদ হাছান কানন নারী ফুটবলারদের এই সম্মাননা ও পুরস্কারের জন্য প্রয়োজনীয় সমন্বয় করেছেন। তিনি বলেন, 'সাউথ ইস্ট ব্যাংক আমাদের নারী ফুটবলারদের অনেক সম্মান দিয়েছে। সাউথ ইস্ট ব্যাংকের একজন পরিচালক নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের অন্যতম নীতি নির্ধারক। নারী ফুটবলাররা ব্যুত্তির আওতায় নর্থ সাউথে পড়াশোনা ও যোগ্যদের কর্পোরেট চাকুরি দাবি জানিয়েছে। আর্থিক পুরস্কার দেয়ার পাশাপাশি সাউথ ইস্ট ব্যাংক কর্তৃপক্ষ মেয়েদের দাবি গুরুত্ব দিয়ে বিবেচনা করেছে।'



সাফজয়ী নারী ফুটবলারদের সংবর্ধনা অনুষ্ঠানে এক স্বেচ্ছায় বাবুফে সভাপতি ও সাউথ-ইস্ট ব্যাংকের শীর্ষ কর্মকর্তারা

ঐ.স. এ. কাশেম, ৩০
MEMBER, NSU